সারাদেশে এমপিওভুক্ত শিক্ষকদের অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু



সংগৃহীত ছবি

মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধির দাবিতে এবং পুলিশের বলপ্রয়োগের প্রতিবাদে সারাদেশের সব বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে সোমবার (১৩ অক্টোবর) থেকে অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু হয়েছে। ফলে দেশের বিভিন্ন স্থানে স্কুল ও কলেজে পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে।

রোববার বিকেলে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি থেকে এ কর্মবিরতির ঘোষণা দেন এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলোয়ার হোসেন আজিজী। তিনি জানান, “আমরা জনদুর্ভোগ সৃষ্টি না করে শহীদ মিনারেই অবস্থান চালিয়ে যাচ্ছি। সরকারের প্রজ্ঞাপন জারি না হওয়া পর্যন্ত এখান থেকেই আন্দোলন চলবে। আলোচনার মাধ্যমে ও সহযোগিতার মনোভাবে সমাধান এলে আমরা শ্রেণিকক্ষে ফিরব।”

এর আগে দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি চলাকালে শিক্ষকদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপের ঘটনায় এলাকায় উত্তেজনা সৃষ্টি হয়। পরে সংগঠনের নেতাদের নির্দেশে শিক্ষকরা শহীদ মিনারে অবস্থান নেন এবং সেখান থেকেই লাগাতার কর্মসূচির ঘোষণা দেন।

অধ্যক্ষ আজিজী আরও বলেন, “আমরা অঙ্গীকার করছি—যতক্ষণ পর্যন্ত জাতীয়করণের প্রজ্ঞাপন কিংবা ২০ শতাংশ বাড়িভাড়া ভাতার ঘোষণা না আসবে, ততক্ষণ আমরা শহীদ মিনার ছাড়ব না, ঢাকার রাজপথও ছাড়ব না।”

প্রত্যক্ষদর্শীরা জানান, প্রেস ক্লাবের সামনে শিক্ষক আন্দোলনকারীদের সরাতে গেলে পুলিশ-শিক্ষক উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে পুলিশ সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করলে শিক্ষকরা আতঙ্কে ছত্রভঙ্গ হন। তবে বড় ধরনের সংঘর্ষের ঘটনা ঘটেনি।

সংগঠনের নেতারা অভিযোগ করেন, সরকারের ঘোষিত বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধির হার ‘অপর্যাপ্ত ও বাস্তবতার সঙ্গে বেমানান’। তারা দ্রুত মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধি এবং সর্বজনীন বদলি নীতি বাস্তবায়নের দাবি জানান।